

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
 আইন অধিশাখা  
 বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয়: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) এর সাথে মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের বিগত ৩০ জুন খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আকরাম হোসেন  
 অতিরিক্ত সচিব (ত্রাণ) ও চীফ ইনোভেশন অফিসার  
 দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

তারিখ: ৩০ জুন ২০২০

সময়: বেলা ১২:০০ ঘটিকা

স্থান: অতিরিক্ত সচিব (ত্রাণ) এর অফিসকক্ষ, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই সভাপতি জানান যে, ডিসেম্বর ২০১৯ হতে অদ্যাবধি সমগ্র বিশ্ব কোভিড-১৯ নামক এক মরণঘাতি ভাইরাস এর সাথে প্রাণপণ যুদ্ধ করে আসছে। বাংলাদেশও তার ব্যতিক্রম নয়। বিগত মার্চ ২০২০ এর শেষার্ধ্বে হতে দীর্ঘদিন সাধারণ ছুটির কারণে সরকারি অফিসসমূহে দাপ্তরিক কার্যক্রম বন্ধ ছিল। সে কারণে মন্ত্রণালয়সহ এ মন্ত্রণালয়ের আওতাধীন দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সকল লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। তবে মন্ত্রিপরিষদ বিভাগ বিষয়টি অবগত আছে মর্মে সভাপতি সভায় জানান।

সভাপতির অনুমতিক্রমে জনাব মুনیرা সুলতানা, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন ও তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন।

অতঃপর বিস্তারিত আলোচনাতে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচী (সিপিপি) তাদের স্বীয় বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২০-২০২১ যথাসময়ে প্রণয়নপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ প্রণীত গাইডলাইন অনুসরণ করার জন্য উভয় সংস্থার উপস্থিত প্রতিনিধিগণকে অনুরোধ করা হয়।

২। উভয় সংস্থাকে তাদের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বার্ষিক (২য় অর্ধ-বার্ষিক) স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। একইসাথে

কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম এর জন্য প্রযোজ্য প্রমানকসমূহ যথাযথভাবে সংযুক্ত করে প্রেরণ করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। পরবর্তী অর্থবছরে অধিকতর সতর্কতার সাথে কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষে উভয় সংস্থাকে সর্কচ্চ উদ্যোগী হতে বলা হয়।

৪। সকল কর্মকর্তাকে স্বাস্থ্যবিধি মেনে সভায় অংশগ্রহণের জন্য বিশেষভাবে ধন্যবাদ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৫.০৬.২০২০

(মো: আকরাম হোসেন)

অতিরিক্ত সচিব (ত্রাণ)

ও

চীফ ইনোভেশন অফিসার

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়